

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি**

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিএ/বিএসএস/বিবিএ (সম্মান) শ্রেণিতে ভর্তিচুক ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি ও শর্তাদি পূরণ সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবেঃ

১। আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ ২৮/০৭/২০২১ থেকে ১৪/০৮/২০২১ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) থেকে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে ফি প্রদানের পর এস.এম.এস এ প্রাপ্ত Txn ID No আবেদন ফরমের উপর লিখে তা নিম্নোক্ত ই-মেইল এ প্রেরণ করতে হবে এবং হার্ড কপি শিক্ষার্থীদের সংরক্ষণ করতে হবে।

ই-মেইল [admission.hons.bgc@gmail.com](mailto:admission.hons.bgc@gmail.com)

২। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নিম্নোক্ত রকেট একাউন্টের মাধ্যমে ২৯/০৭/২০২১ থেকে ১৫/০৮/২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে:

রকেট একাউন্টের মাধ্যমে মোবাইল থেকে অনার্স প্রথম বর্ষের আবেদনের ফি পরিশোধ করার নিয়ম :

প্রতি শিক্ষার্থীকে ব্যক্তিগত রকেট একাউন্ট খুলে বা অন্যের ব্যক্তিগত রকেট একাউন্ট হতে বা নিকটস্থ রকেট এজেন্ট হতে ফি জমা দেওয়া যাবে

১। প্রথমে আপনার মোবাইল হতে \*322# ডায়াল করুন।

২। Bill pay নির্বাচন করুন (অপশন ১)।

৩। Self বা Others নির্বাচন করুন (নিজের রকেট একাউন্ট থেকে ফি দিতে অপশন ১, এবং অন্যের রকেট একাউন্ট থেকে ফি দিতে অপশন ২ নির্বাচন করে আপনার মোবাইল নাম্বার দিন।

৪। ভর্তি আবেদন ফি জমা দিতে Others (অপশন ০) নির্বাচন করুন।

৫। Biller ID তে বান্দরবান সরকারি কলেজের একাউন্ট নং-3297 নির্ভুল ভাবে দিন।

৬। Bill Number হিসাবে আবেদন ফরমের রোল নং নির্ভুল ভাবে দিন।

৭। Amount এ 250 টাকা দিন।

৮। ফি প্রদান সম্পন্ন করতে আপনার রকেট এর পিন নাম্বার দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন।

(বিঃদ্র : ফি প্রদানের পর এস.এম.এস এ প্রাপ্ত Txn ID No আবেদন ফরমের উপর লিখে দিতে হবে)

৩। আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) থেকে সতর্কতার সাথে আবেদনকারীকে মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজি. নং, বোর্ড, পাশের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ভর্তিচুক কলেজের নাম, প্রার্থীর Eligible সব কয়টি বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে ভর্তি পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে।

৪। আবেদন ফরম সংগ্রহের যোগ্যতাঃ

(ক) মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম জি.পি.এ ২.৫০ এবং ২০১৯/২০২০ সালের এইচ.এস.সি/সমমান ৪র্থ বিষয়সহ ন্যূনতম জি.পি.এ ২.৫০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম জি.পি.এ ৩.০০ এবং ২০১৯/২০২০ সালের এইচ.এস.সি/সমমান ৪র্থ বিষয়সহ ন্যূনতম জি.পি.এ ২.৫০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(গ) কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র (i) এইচ.এস.সি (ভোকেশনাল) (ii) এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট) (iii) ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৭/২০১৮ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম জি.পি.এ ৩.০০ এবং ২০১৯/২০২০ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জি.পি.এ ২.৫০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩:০০ থাকতে হবে।

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে সে সকল শিক্ষার্থীরা ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৫। অনার্স বিষয়সমূহঃ বাংলা, ইংরেজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।



২৭-০৭-২০২১

অধ্যক্ষ

বান্দরবান সরকারি কলেজ